Time Taken

00:00

Mark Gained

1.'মনীষা' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ -

a. মনস্ + ইষা

b. মন্ + ঈষা

c. মন্ + ইষা

d. মনস্ + ঈষা

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: মনস্ + ঈষা

নিচে কতগুলো নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধির উদাহরণ দেয়া হলো:
- বন্ + পতি = বনস্পতি,
- ষট্ + দশ = ষোড়শ,
- বৃহৎ + পতি = বৃহস্পতি,
- মনস্ + ঈষা = মনীষা,
- এক + দশ = একাদশ।
- পর্ + পর = পরস্পর
- আ + চর্য = আশ্চর্য,
- গো + পদ = গোষ্পদ।

2.নিচের কোন সন্ধি বিচ্ছেদটি সঠিক নয়?

a. বন + ওষধি = বনৌষধি

b. মহা + ওষধি = মহৌষধি

c. পরম + ঔষধ = পরমৌষধ

d. প্রতি + উষা = প্রত্যূষ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: প্রতি + উষা = প্রত্যূষ

• অ-কার কিংবা আ-কারের পর ও-কার কিংবা ঔ-কার থাকলে উভয়ে মিলে ঔ-কার হয়। ঔ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।
যেমন:
- বন + ওষধি = বনৌষধি,
- মহা + ঔষধ = মহৌষধ,
- মহা + ওষধি = মহৌষধি,
- পরম + ঔষধ = পরমৌষধ,
- বন + ঔষধ = বনৌষধ,
- গঙ্গা + ওঘ = গঙ্গৌঘ ইত্যাদি।

অন্যদিকে,

ই/ঈ + অন্যস্বর = য-ফলা, এই নিয়মে গঠিত সন্ধি-
নদী + অম্বু = নদ্যম্বু।
প্রতি + ঊষ = প্রত্যূষ।
ইতি + আদি = ইত্যাদি।

3.'নিষ্কর' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?

a. নীঃ + কর

b. নিঃ + কর

c. নিস্ + কর

d. নিষ + কর

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: নিঃ + কর

• 'নিষ্কর' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ- নিঃ+ কর = নিষ্কর।
[এটি একটি বিসর্গ সন্ধি।]

এরূপ কিছু সন্ধি বিচ্ছেদ হলো:
দুঃ+ কর = দুষ্কর;
ভাঃ+ কর = ভাস্কর;
নিঃ + চুপ = নিশ্চপ;
নিঃ + চয় = নিশ্চয়।

## 4.'ভাত্রুপদেশ' শব্দটির সন্ধি বিচ্ছেদ -

a. ভাতৃ + উপদেশ

b. ভ্রাতা + উপদেশ

c. ভাত্রা + উপদেশ

d. ভাতা + উপদেশ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: ভাতৃ + উপদেশ

প্রথম পদের শেষে ঋ-ধ্বনি এবং দ্বিতীয় পদের প্রথম ঋ ছাড়া অন্য কোনো স্বরধ্বনি থাকলে আগের ঋ-ধ্বনি 'র' হয় এবং বানানে তা 'র-ফলা' হয়ে আগের বর্ণের সঙ্গে যুক্ত হয়। পরের স্বরধ্বনি সাধারণত উচ্চারণে অপরিবর্তিত থাকে এবং 'র-ফলা'র সঙ্গে জুড়ে যায়।
যেমন -
- ঋ + অ = র্ + অ ; পিতৃ + অর্থে = পিত্রর্থে।
- ঋ + আ = র্ + আ ; পিতৃ + আলয় = পিত্রালয়।
- ঋ + ই = র্ + ই ; পিতৃ + ইচ্ছা = পিত্রিচ্ছা।
- ঋ + উ = র্ + উ; ভাতৃ + উপদেশ = ভাত্রুপদেশ।
- ঋ + এ = র্ + এ ; ভাতৃ + এষণা = ভ্রাত্রেষণা।

## 5.কোনটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ?

a. শঙ্কা

b. শয়ন

c. শিরশ্ছেদ

d. শুদ্ধোদন

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: শঙ্কা

ব্যঞ্জনসন্ধির উদাহরণ - শঙ্কা (শম্ + কা)।

অন্যদিকে,
- স্বরসন্ধির উদাহরণ - শয়ন (শে + অন)।
- বিসর্গ সন্ধির উদাহরণ - শিরশ্ছেদ (শিরঃ + ছেদ)।
- নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির উদাহরণ - শুদ্ধোদন (শুদ্ধ + ওদন)।

## 6.নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির উদাহরণ কোনটি?

a. গবেষণা

b. দুষ্প্রাপ্য

c. রক্তোষ্ঠ

d. ষষ্ঠ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: রক্তোষ্ঠ

কতগুলো সন্ধি কোন নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে।
- রক্ত + ওষ্ঠ = রক্তোষ্ঠ,

অন্যদিকে,
- সাধারণ নিয়মে সাধিত স্বরসন্ধির উদাহরণ - গবেষণা।
- ব্যঞ্জনসন্ধির উদাহরণ - ষষ্ঠ।
- বিসর্গ সন্ধির উদাহরণ - দুষ্প্রাপ্য।

## 7.'ষড়যন্ত্র' শব্দটির সন্ধি বিচ্ছেদ-

a. ষড় + যন্ত্র

b. ষ + যন্ত্র

c. ষড় + অন্ত্র

d. ষট্ + যন্ত্র

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: ষট্ + যন্ত্র

ব্যঞ্জন ধ্বনি সমূহের যে কোনো বর্গের অঘোষ অল্পপ্রাণ ধ্বনির পর যে কোনো বর্গের ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ ধ্বনি কিংবা ঘোষ অল্পপ্রাণ তালব্য ধ্বনি, ( য> জ), ঘোষ অল্পপ্রাণ ওষ্ঠ ধ্বনি ( ব), ঘোষ কম্পনজাত দন্তমূলীয় ধ্বনি ( র) কিংবা ঘোষ অল্পপ্রাণ ওষ্ঠ্য ব্যঞ্জনধ্বনি ( ব) থাকলে প্রথম অঘোষ অল্পপ্রাণ ধ্বনি অল্পপ্রাণরূপে উচ্চারিত হয়।
যথাঃ
ক্ + দ = গ্ + দ বাক্ + দান = বাগদান
ট্ + য = ড্ + য ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র
ত্ + ঘ = দ্ + ঘ উৎ + ঘাটন = উদঘাটন
ত্ + য = দ্ + য উৎ + যোগ =উদ্যোগ
ত্ + র = দ্ + র তৎ + রূপ = তদ্রূপ

8.'কিন্তু' শব্দটির সন্ধি বিচ্ছেদ-

a. কিন্ + তু

b. কি + ন্তু

c. কিম্ + তু

d. কি + নতু

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: কিম্ + তু

আগে ম্ এবং পরে ক্/খ্/গ্/ ঘ্ - এর যে কোনটি থাকলে ম্ স্থানে অনুস্বার ( ং) বা অঙ ( ঙ) হয়।
কিন্তু ম এর পর চ্ থেকে ম্ পর্যন্ত যে কোনো ধ্বনি থাকলে পূর্বপদের ম্- স্থানে ঐ বর্গের পঞ্চম ধ্বনি হয়।
- যেমনঃ
- সম্ + কীর্ণ = সংকীর্ণ

- গম্ + তব্য = গন্তব্য
- কিম্ + তু = কিন্তু

9.নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ?

a. আশাতীত

b. নরাধম

c. মহাশয়

d. মার্তণ্ড

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: মার্তণ্ড।

নর + অধম = নরাধম (স্বরসন্ধি);
আশা + অতীত = আশাতীত (স্বরসন্ধি);
মহা + আশয় = মহাশয় (স্বরসন্ধি)।

10.সন্ধির উদ্দেশ্য নয় কোনটি?

a. সন্ধির মাধ্যমে ধ্বনির মিলন

b. শব্দের মাধুর্য সম্পাদন

c. স্বাভাবিক উচ্চারণের সহজ প্রবণতা

d. ধ্বনিগত মাধুর্য সম্পাদন

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: শব্দের মাধুর্য সম্পাদন।

11.অ/আ + এ/ঐ = ঐ - সন্ধির এই নিয়মে গঠিত শব্দ?

a. বনৌষধি

b. জনৈক

c. অতীত

d. জলৌকা

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: জনৈক।

জন + এক = জনৈক।

অন্যদিকে,

অ + ও = ঔ -
জল + ওকা = জলৌকা;
বন + ওষধি = বনৌষধি;

ই + ই = ঈ -
অতি + ইত = অতীত

12.'মস্যাধার' কোন ধরণের সন্ধির দৃষ্টান্ত?

a. নিপাতনে সিদ্ধ সন্ধি

b. ব্যঞ্জনসন্ধি

c. স্বরসন্ধি

d. কোনোটিই নয়

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: স্বরসন্ধি।

ই/ঈ + ই/ঈ ভিন্ন অন্য স্বর = ই/ঈ এর স্থানে য বা য ফলা হয়।

মসী + আধার = মস্যাধার।

13.'শ্রীশ' শব্দটি কোন সন্ধির নিয়মে গঠিত -

a. ব্যঞ্জনসন্ধি

b. স্বরসন্ধি

c. বিসর্গ সন্ধি

d. নিপাতনে সিদ্ধ সন্ধি

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: স্বরসন্ধি।

ঈ + ঈ = ঈ -

শ্রী + ঈশ = শ্রীশ।

14.সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

a. ভাৎ + কর = ভাস্কর

b. দুষ + কর = দুষ্কর

c. নিস + কর = নিষ্কর

d. আ + চর্য = আশ্চর্য

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: আ + চর্য = আশ্চর্য।

সঠিকরূপ -

দুষ্কর = দুঃ + কর;
নিষ্কর = নিঃ + কর;
ভাস্কর = ভাঃ + কর।

15.কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ?

a. হতাশ

b. দণ্ডাদেশ

c. হরিশ্চন্দ্র

d. সিংহাসন

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: হরিশ্চন্দ্র।

নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি -
হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র।

16.বাংলা ব্যাকরণে সন্ধি কোন অংশের আলোচ্য বিষয়?

a. ধ্বনিতত্ত্ব

b. শব্দতত্ত্ব

c. পদক্রম

d. অর্থতত্ত্ব

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: ধ্বনিতত্ত্ব।

17.'পদস্খলন' এর সন্ধি বিচ্ছেদ -

a. পদ + খলন

b. পদঃ + খলন

c. পদ + স্থলন

d. পদ + সলন

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: পদঃ + খলন

18.'সতীশ' শব্দের শুদ্ধ সন্ধি-বিচ্ছেদ কোনটি?

a. সৎ + ঈশ

b. সতি + ইস

c. সৎ + ইস

d. সতী + ঈশ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: সতী + ঈশ

19.'চতুষ্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কি?

a. চতু + পদ

b. চতুঃ + পদ

c. চতুষ + পদ

d. চতু + সপদ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: চতুঃ + পদ

20.'নিষ্ঠুর'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?

a. নিঃ + ঠুর

b. নি + ঠুর

c. নিস + ঠুর

d. কোনোটিই নয়

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: নিঃ + ঠুর

P2A

About
BPSC Link
Privacy Policy
Terms & Conditions
Refund Policy

Helpline: 01329672052

© 2024 P2A All rights reserved